Total Pages : 7 B.A./2nd Sem (H)/BNG/24(CBCS)

# 2024

## 2nd Semester Examination

## BENGALI (Honours)

### Paper : GE 2-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**(কাব্য সাহিত্যের ধারা ও বৈষ্ণব পদাবলী পাঠ)**

**বিভাগ-ক**

নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

১। চর্যাপদ কে আবিষ্কার করেছিলেন? কী নামে প্রকাশিত হয়েছিল? ১+১

২। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যে উল্লেখিত দু'টি প্রবাদের নাম লেখো। ১+১

৩। নারায়ণ দেবের কাব্যের নাম কী? তিনি কোন্ সময়ের কবি ছিলেন? ১+১

P.T.O.

৪। বৈষ্ণবীয় পঞ্চরসের নাম লেখো। ২

৫। ‘ধর্মমঙ্গল’ কাব্যের দু’জন শ্রেষ্ঠ কবির নাম লেখো। ১+১

৬। ধর্মঠাকুরের পরিচয় দাও। ২

৭। ‘বীরাঙ্গনা’ কাব্য কবে প্রকাশিত হয়েছিল? এর দু’টি পত্রের নাম লেখো। ১+১

৮। রবীন্দ্রনাথের উন্মেষ পর্বের দু’টি কাব্যের নাম লেখো। ১+১

৯। ‘বনলতা সেন’ কাব্যটি কার লেখা? কবে প্রকাশিত হয়েছিল? ১+১

১০। সুধীন্দ্রনাথ দত্তের দু’টি কাব্যের নাম লেখো। ১+১

১১। মধুসূদনের লেখা প্রথম কাব্যটির নাম প্রকাশকালসহ লেখো। ১+১

১২। বিষ্ণু দে কোন্ দশকের কবি? তাঁর লেখা প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১+১

১৩। শক্তি চট্টোপাধ্যায় তাঁর কোন্ কাব্যের জন্য সাহিত্য অকাদেমি পুরস্কার পেয়েছিলেন? কাব্যটি কবে প্রকাশিত হয়েছিল? ১+১

১৪। ‘চির চন্দন উড়ে হার না দেলা’ — পদটি কার লেখা? কোন্ পর্যায়ের পদ? ১+১

১৫। ‘এমন পীরিতি কভু নাহি দেখি শুনি’ — পদটি কার লেখা? এটি কোন্ রস পর্যায়ের পদ? ১+১

## বিভাগ-খ

নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

১৬। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যে মোট কটি খণ্ড আছে? খণ্ডগুলির নাম ক্রমান্বয়ে লেখো? ১+৪

১৭। 'অন্নদামঙ্গল' কাব্যকে কী কারণে 'নতুন মঙ্গল' বলা হয়, তা সংক্ষেপে লেখো।

১৮। কবি অমিয় চক্রবর্তীর কাব্যভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৯। কবি বিষ্ণু দে'র কাব্যাদর্শ সম্পর্কে সংক্ষেপে লেখো।

২০। 'সই কেবা শুনাইল শ্যাম নাম' — পদটির ভাবসৌন্দর্য সংক্ষেপে লেখো।

২১। 'বঁধু তোমার গরবে গরবিনী হাম' — পদটির ভাববস্তু সংক্ষেপে লেখো।

## বিভাগ-গ

নিম্নলিখিত যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

২২। চর্যাপদের সাহিত্যমূল্য সম্পর্কে আলোচনা করো।

২৩। আধুনিক বাংলা কবিতায় কবি শক্তি চট্টোপাধ্যায়ের প্রতিভার মূল্যায়ন করো।

P.T.O.

২৪। আধুনিক বাংলা কবিতায় নজরুল ইসলামের অবদান আলোচনা করো।

২৫। 'এ সখী হামারি দুখের নাহি ওর'

— কার লেখা, কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

---

**অথবা**

**(নাট্যসাহিত্যের ধারা এবং কাব্য ও নাটক পাঠ)**

**বিভাগ-ক**

নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। মধুসূদন দত্তের প্রথম দু'টি নাটকের নাম প্রকাশকালসহ লেখো। ১+১

২। 'নবীন তপস্বিনী' কার লেখা, কোন্ ধরনের নাটক? ১+১

৩। গিরিশচন্দ্র ঘোষ কবে, কোন্ থিয়েটার প্রতিষ্ঠা করেন? ১+১

৪। প্রকাশকালসহ গিরিশচন্দ্রের দু'টি প্রহসনের নাম লেখো। ১+১

৫। রবীন্দ্রনাথ ঠাকুরের দু'টি রূপক-সাংকেতিক নাটকের নাম প্রকাশকালসহ লেখো। ২

৬। 'শর্মিষ্ঠা', 'সাজাহান', 'ডাকঘর', 'জনা' — নাটকগুলির লেখকের নাম লেখো। ২

৭। দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি সামাজিক নাটকের নাম প্রকাশকালসহ লেখো। ২

৮। মন্মথ রায়ের প্রথম একাঙ্ক নাটকের নাম কী? এর প্রকাশকাল লেখো। ১+১

৯। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির প্রকাশকাল কত? এর জমিদার চরিত্রের নাম লেখো। ১+১

১০। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটিতে ক'টি অঙ্ক ও ক'টি গর্ভাঙ্ক আছে? ১+১

১১। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির প্রথম ও শেষ সংলাপ কার? ২

১২। 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থে মোট কটি কবিতা আছে? প্রথম ও শেষ কবিতার নাম কী? ১+১

১৩। 'কথা ও কাহিনী'র প্রকাশকাল লেখো। কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়? ১+১

১৪। 'শিবাজি হেরিলা এক দিন' — এটি কোন্ কবিতার অংশ? শিবাজি কী দেখলেন? ১+১

১৫। বাবু কার কাছ থেকে কী বাগান কিনতে চেয়েছিলেন? ২

## বিভাগ-খ

নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। প্রহসন রচনায় মধুসূদন দত্তের প্রতিভার মূল্যায়ন করো।

১৭। দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকে শেক্সপিয়ারের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

১৮। একাঙ্ক নাটক রচনায় মন্মথ রায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

১৯। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের হানিফ চরিত্র সম্পর্কে আলোচনা করো।

২০। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে সেকালের ক্ষয়িষ্ণু সমাজের যে ছবি ফুটে উঠেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

২১। 'শ্রেষ্ঠ ভিক্ষা' কবিতাটি কবে লেখা? কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

## বিভাগ-গ

নিম্নলিখিত যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

২২। রবীন্দ্রনাথের নাট্য-প্রতিভার পরিচয় দাও।

২৩। সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের প্রতিভার পরিচয় দাও।

২৪। প্রহসন হিসেবে 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'র সার্থকতা বিচার করো।

২৫। 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।